

# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৯৭]

১৯/ তাহাজ্বদ বা রাতের সালাত (کتاب التهجد)

পরিচ্ছেদঃ ৭৫৬. বায়তুল মুকাদ্দাস-এর মসজিদ।

باب مسْجِدِ بَيْتِ الْمَقْدِسِ

#### আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ الْمَلِكِ، سَمِعْتُ قَزَعَةَ، مَوْلَى زِيَادِ قَالَ سَمِعْتُ أَبًا سَعِيدٍ الْخُدْرِيَّ - رضى الله عنه - يُحَدِّثُ بِأَرْبَعٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فَأَعْجَبْنَنِي وَآنَقْنَنِي قَالَ " لاَ تُسَافِرِ الْمَرْأَةُ يَوْمَيْنِ إِلاَّ مَعَهَا زَوْجُهَا أَوْ ذُو مَحْرَمٍ. وَلاَ صَوْمَ فَأَعْجَبْنَنِي وَآنَقْنَنِي قَالَ " لاَ تُسَافِرِ الْمَرْأَةُ يَوْمَيْنِ إِلاَّ مَعَهَا زَوْجُهَا أَوْ ذُو مَحْرَمٍ. وَلاَ صَوْمَ فِي يَوْمَيْنِ الْفِطْرِ وَالأَضْحَى، وَلاَ صَلاَةَ بَعْدَ صَلاَتَيْنِ بَعْدَ الصَّبْحِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ، وَبَعْدَ الْعَصْرِ حَتَّى تَعْرُب، وَلاَ تُشَدُّ الرِّحَالُ إِلاَّ إِلَى ثَلاَثَةِ مَسَاجِدَ مَسْجِدِ الْحَرَامِ وَمَسْجِدِ الْأَقْصَى وَمَسْجِدِ الْخَرَامِ وَمَسْجِدِ الْأَقْصَى وَمَسْجِدِي ".

#### বাংলা

১১২৩। আবূল ওয়ালীদ (রহঃ) ... যিয়াদের আযাদকৃত দাস কাযা'আ (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আবূ সায়ীদ খুদ্রী (রাঃ) কে নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম থেকে চারটি বিষয় বর্ণনা করতে শুনেছি, যা আমাকে আনন্দিত ও মুগ্ধ করেছে। তিনি বলেছেনঃ মহিলারা স্বামী কিম্বা মাহ্রাম\* ব্যাতীত দু'দিনের দূরত্বের পথে সফর করবে না। ঈদুল ফিত্র ও ঈদুল আযহার দিনগুলোতেই সিয়াম পালন নেই। দু' (ফরয) সালাতের পর কোন (নফল ও সুন্নাত) সালাত (নামায/নামাজ) নেই। ফজরের পর সূর্যোদিয় (সম্পন্ন) হওয়া পর্যন্ত এবং আসরের পর সূর্য অন্তমিত হয়ে যাওয়া পর্যন্ত। এবং ১। মাসজিদুল হারাম, (কা'বা শরীফ ও সংলগ্ধ মসজিদ) ২। মাসজিদুল আক্সা (বাইতুল মুকাদ্দাসের মসজিদ) এবং ৩। আমার মসজিদ (মদিনার মসজিদে নববী) ব্যাতীত অন্য কোন মসজিদে আদায়ের উদ্দেশ্যে হাওদা বাঁধা যাবে না। (সফর করবে না)

## **English**

Narrated Qaza'a Maula:

(freed slave of) Ziyad: I heard Abu Sa`id Al-khudri narrating four things from



the Prophet () and I appreciated them very much. He said, conveying the words of the Prophet. (1) "A woman should not go on a two day journey except with her husband or a Dhi-Mahram. (2) No fasting is permissible on two days: `Id-ul-Fitr and `Id-ul-Adha. (3) No prayer after two prayers, i.e. after the Fajr prayer till the sunrises and after the `Asr prayer till the sun sets. (4) Do not prepare yourself for a journey except to three Mosques, i.e. Al-Masjid-Al-Haram, the Mosque of Aqsa (Jerusalem) and my Mosque."

### ফুটনোট

\* মাহ্রামঃ স্থায়ীভাবে বিবাহ করা হারাম এমন সম্পর্কযুক্ত পুরুষ যেমন - দাদা, বাবা, ভাই, ভাতিজা, মামা, চাচা, শুশুর ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কার্য'আ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন